রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ২৯, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

অবা-৬ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ই পৌষ ১৪০৯/২৮শে ডিসেম্বর ২০০২

**এস, আর, ও নং ৩৬৩-আইন/২০০২।**—Trade Organisations Ordinance 1961 (XLV of 1961) এর section 23 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৩ এর—

(অ) উপ-বিধি (৩) এর "সভা অনুষ্ঠানের পর" শব্দগুলির পরিবর্তে "সভায় অনুমোদনের উদ্দেশ্যে বাণিজ্য সংগঠনের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(আ) উপ-বিধি (৫) এর "প্রাপ্তির পর ডাইরেক্টর" শব্দগুলির পরিবর্তে "প্রাপ্তির পর উক্ত দরখাস্তের উপর মতামত প্রদানের জন্য ডাইরেক্টর" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ই) উপ-বিধি (৬) এর "দরখাস্তটি সম্পর্কে উহার" শব্দগুলির পরিবর্তে "উহার কার্যনির্বাহী কমিটির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ; এবং

(ঈ) উপ-বিধি (৮) এর "ক্ষেত্রমত জেলা চেম্বারের" শব্দগুলির পর "কার্যনির্বাহী কমিটির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৭। **আবশ্যিক সদস্যভুক্তি।**—আয়কর প্রদানকারী কোন একক ব্যক্তি, অংশীদারী কারবার, কোম্পানী বা অন্যবিধ প্রতিষ্ঠান বিধি ৫ এর বিধান মোতাবেক বাণিজ্য সংগঠনের সদস্যভুক্ত হইয়া আমদানী রপ্তানী বা অন্য কোন ব্যবসা বাণিজ্য বা শিল্প কারখানা পরিচালনা করিতে পারিবে।" ;



মূল্য ঃ টাকা ১·০০

(গ) বিধি ১২ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১২ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"১২। **বাণিজ্য সংগঠনের কার্যনির্বাহী কমিটি**।—প্রত্যেক বাণিজ্য সংগঠনের একটি নির্বাচিত কার্যনির্বাহী কমিটি থাকিবে এবং উহার সদস্যসংখ্যা উহার সংঘবিধি দ্বারা নির্ধারিত হইবে।" ;

(ঘ) বিধি ২০ এর উপ-বিধি (১) এর "উহার বিবেচনায় উপযুক্ত পদ্ধতিতে" শব্দগুলির পরিবর্তে "উহার সভায় গৃহীত সিদ্ধান্তক্রমে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ঙ) বিধি ২১ বিলুপ্ত হইবে ;

(চ) বিধি ২২ এর—

(অ) উপ-বিধি (১) ও (২) বিলুপ্ত হইবে ;

(আ) উপ-বিধি (৩) এ উল্লিখিত 'কমিটির' শব্দটির পরিবর্তে 'বোর্ড অব ডিরেক্টরস' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ই) উপ-বিধি (৪) বিলুপ্ত হইবে ;

(ঈ) উপ-বিধি (৫) বিলুপ্ত হইবে ;

(উ) উপ-বিধি (৯) এ উল্লিখিত 'কমিটির' শব্দটির পরিবর্তে 'বোর্ড অব ডিরেক্টরস' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ঊ) উপ-বিধি (৯) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৯ক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(৯ক) উপ-বিধি (৯) এর অধীন গঠিত সাধারণ পরিষদের প্রত্যেক সদস্য, সংঘবিধি দ্বারা নির্ধারিত, বাৎসরিক নিবন্ধন ফি ফেডারেশনে প্রদান করিবে। " ; এবং

(ঋ) উপ-বিধি (১০) বিলুপ্ত হইবে ; এবং

(ছ) বিধি ২৪ এর উপ-বিধি (২) এর দফা (ক) এর " ; " (সেমিকোলন) এর পরিবর্তে " ঃ " (কোলন) প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা ঃ—

"তবে শর্ত থাকে যে, এই দফায় উল্লিখিত কাগজাদি ফেডারেশনে প্রেরণ না করিয়া বিধি ২২ এর উপ-বিধি (৯) এর অধীন কোন প্রতিনিধি প্রেরণ করা যাইবে না ; "।

২। ইহা ২৯শে জুলাই, ২০০২ ইং মোতাবেক ১৪ই শ্রাবণ, ১৪০৯ বাংলা তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূইয়া
উপ-সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।